গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৮২

তারিখ: ১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নম্বর-০৪ (চার), তারিখঃ ১৭.১০.২০২৪খ্রিঃ**

দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি আজ (১৭ অক্টোবর ২০২৪) সকাল ৮টায় উত্তর তামিল নাড়ু-দক্ষিণ অন্ধ্র উপকূল অতিক্রম করে বর্তমানে উত্তর চেন্নাইয়ের নিকট অবস্থান করছে।

সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা নাই।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) নম্বর (পুন:) ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত নামিয়ে ফেলতে বলা হয়েছে

**২। আজ ১৭ অক্টোবর ২০২৪ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ারপূর্বাভাসঃ**
রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, যশোর এবং কুষ্টিয়া, অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ-পশ্চিম/পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে **১** নম্বর (পুনঃ) **১** নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ১৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ**
**প্রথম দিন (১৭.১০.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী ও ঢাকা বিভাগের অনেক জায়গায়, খুলনা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, ময়মনসিংহ, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১৮.১০.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** ঢাকা, খুলনা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

**তৃতীয় দিন (১৯.১০.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** এ সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.২ | ৩৪.৫ | ৩২.৬ | ৩৩.৫ | ৩৩.২ | **৩৪.৮** | ৩৩.৫ | ৩৪.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.০ | ২৩.৬ | **২১.৮** | ২৫.০ | ২৩.২ | ২৪.৫ | ২৫.৬ | ২৬.০ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুণ্ড ও টেকনাফ ৩৪.৮$^{O}$ সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২১.৮$^{O}$ সে।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**

(০১লা কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ /১৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ)

### এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২ দিন স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তী ০৩ দিন হ্রাস পেতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৫ দিন পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৩ দিন পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ০৩ হতে ০৫ দিন পর্যন্ত দেশে বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার ঝুঁকি নেই।

### অববাহিকা ভিত্তিক নদ-নদীর পরিস্থিতি ও বিস্তারিত পূর্বাভাস

#### প্রধান নদী অববাহিকাসমূহ

ব্রহ্মপুত্র-যমুনা অববাহিকা:

- রংপুর বিভাগের ব্রহ্মপুত্র নদের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে ও তার ভাটিতে যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৫ দিন পর্যন্ত ব্রহ্মপুত্র-যমুনা অববাহিকাভুক্ত রংপুর বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪ হতে ৮৮ মি.মি./ ২৪ ঘন্টা) প্রবণতা কম।
- আগামী ২ দিন নদ-নদী সমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং পরবর্তী ০৩ দিন হ্রাস পেতে পারে। এই সময়ে ব্রহ্মপুত্র-যমুনা নদী অববাহিকাভুক্ত কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, পাবনা ও মানিকগঞ্জ জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই।

গঙ্গা-পদ্মা অববাহিকা:

- রাজশাহী বিভাগের গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং তার ভাটিতে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৫ দিন পর্যন্ত গঙ্গা অববাহিকাভুক্ত রাজশাহী বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪ হতে ৮৮ মি.মি./ ২৪ ঘন্টা) প্রবণতা কম।
- আগামী ০৫ দিন নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে। এই সময়ে গঙ্গা-পদ্মা নদী অববাহিকাভুক্ত চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, কুষ্টিয়া, পাবনা, রাজবাড়ি, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, ফরিদপুর, মাদারিপুর, ও শরীয়তপুর জেলায়  বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই।

সুরমা-কুশিয়ারা অববাহিকা:

- সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- আবহাওয়া সংস্থাসমূহের তথ্যানুযায়ী, আগামী ০৩ দিন পর্যন্ত গঙ্গা সুরমা-কুশিয়ারা অববাহিকাভুক্ত সিলেট বিভাগ ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের (৪৪ হতে ৮৮ মি.মি./ ২৪ ঘন্টা) প্রবণতা কম।
- আগামী ০৩ দিন সুরমা ও কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে। এই সময়ে সুরমা-কুশিয়ারা নদী অববাহিকাভুক্ত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই।

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।**

| বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে: **নেই।**

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ নেই।**

| **স্টেশন** | **বারিপাত (মি.মি.)** |
|---|---|
| - | - |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১১৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ২৯ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৮৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | **০৩** | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | ০০ |
| **পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের তথ্যের ভিত্তিতে** | | | |
| **বিপদসীমার উপরে জেলার সংখ্যা** | **০০** | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | **০০** |
| **বিপদসীমার উপরে নদীসমূহের নাম** | - | | |

**৫। অতিবৃষ্টিজনিত কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতিঃ**

**শেরপুরঃ** জেলায় বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। আশ্রয়কেন্দ্রে আশ্রিত সকল লোক নিজ নিজ বাড়ীতে ফিরে গেছে। সকল নদীর পানি বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। জেলায় বন্যায় মোট ৯ জন নিহত হয়েছে (৭ জন পুরুষ ও ২ জন নারী)। নিহতদের নাম: ইদ্রিস আলী (৬৫), জহুরা (৭০), আমিজা খাতুন (৪৫), মোঃ হাতেম আলী (৩০), আলমগীর হোসেন (১৬), জিমি (৮), আব্দুর রাজ্জাক (৫২), আব্দুর রশিদ (৪৫) ও রাহিন (৫)।

**ময়মনসিংহঃ** জেলার সার্বিক বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। আশ্রয়কেন্দ্রে কোন লোক আশ্রিত নেই। সকল নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যায় হালুয়াঘাট, ধোবাউড়া ও ফুলপুর উপজেলার ২৪টি ইউনিয়নের ১,৬৭,৪০০ লোক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যার পানিতে পড়ে ২ জন নিহত হয়েছে (২ জন পুরুষ)। নিহতরা হলোঃ মোঃ আনোয়ার হোসেন (১৮) ও উজ্জল মিয়া (৩২)।

**নেত্রকোনাঃ** বন্যা পরিস্থিতির উন্নতি হওয়ায় আশ্রয়কেন্দ্রের লোকজন নিজ নিজ বাড়ীতে ফিরে গেছে। সকল নদীর পানি বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। জেলার ৫টি উপজেলার ২৫টি ইউনিয়ন বন্যা প্লাবিত হয়েছিল। বন্যায় ২ জনের মৃত্যু হয়েছে। মৃতদের নাম: রুয়েল রিসিল (৩০) ও রুস্তম খান (৬৭)

**৬। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৬ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৩ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭। | খুলনা | ১ | ০ | ০ |
| ৮। | রংপুর | ৪ | ০ | ০ |
| | **মোট** | **১০** | **০** | **০** |

১৭-১০-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৮২/১ (১৭)

তারিখ: ১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ;
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
১১। বিভাগীয় কমিশনার (সকল);
১২। জেলা প্রশাসক (সকল);
১৩। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১৫। নির্বাহী প্রকৌশলী (পুর) (চলতি দায়িত্ব), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
১৬। প্রোগ্রামার (চলতি দায়িত্ব ), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং
১৭। সহকারী পরিচালক (সকল)।

১৭-১০-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা